# AKASHVANI (AIR)
# RNU : KOLKATA
# Bengali Text Bulletin

**Date 01-08-2025** **Time: 7.35 AM.**

বিশেষ বিশেষ খবরঃ-

১) নির্বাচন কমিশন, সারা দেশে ভোটার তালিকার বিশেষ নিবিড় সংশোধনীর জন্য রাজ্যগুলিকে প্রস্তুতি শুরু করতে বলেছে।

২) রাজ্য সরকার সহযোগিতা না করায়, মেট্রো রেলের সম্প্রসারণের কাজ আটকে রয়েছে বলে রেল মন্ত্রী অশ্বিনী বৈষ্ণো অভিযোগ করেছেন।

৩) কলকাতা হাইকোর্ট, মুর্শিদাবাদে সাম্প্রতিক অশান্তির ঘটনার সময় শান্তি রক্ষায় তৈরি BSF ক্যাম্প এখনই সরানো যাবে না বলে জানিয়েছে। হাইকোর্টের এই নির্দেশকে স্বাগত জানিয়েছেন বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী।

৪) রাজ্য সরকার এবছর দুর্গাপুজোর জন্য অনুদান ২৫ হাজার টাকা বাড়িয়ে এক লক্ষ ১০ হাজার টাকা করেছে।

৫) উত্তরবঙ্গে আগামী দুদিন ভারী বৃষ্টির পূর্বাভাস থাকায় সেখানকার জেলা প্রশাসনকে বিশেষভাবে সতর্ক করেছে রাজ্য সরকার।

৬) ডুরান্ড কাপের ম্যাচে মোহনবাগান সুপারজায়ান্ট ৩-১ গোলে মহমেডান স্পোর্টিং-কে হারিয়ে দিয়েছে।

---

বিহারের পর গোটা দেশে ভোটার তালিকার বিশেষ নিবিড় সংশোধনের জন্য নির্বাচন কমিশন প্রস্তুতি শুরু করেছে। এই উদ্দেশ্যে গতকাল বিহার বাদে বাকি সব

রাজ্য ও কেন্দ্রশাসিত অঞ্চলের মুখ্য নির্বাচনী আধিকারিকদের উদ্দেশ্যে একটি চিঠিতে ভোটার তালিকা সংশোধনের যাবতীয় প্রস্তুতি অতি দ্রুত সেরে রাখার নির্দেশ দেওয়া হয়েছে। ভোট কেন্দ্রগুলির পুনর্ববিন্যাস, বুথ লেভেল অফিসার সুপারভাইজারদের শূন্যপদ পূরণ ইত্যাদি এর মধ্যে উল্লেখযোগ্য। কমিশনের পক্ষ থেকে আরও বলা হয়েছে, ওই আধিকারিকদের আসন্ন সংশোধন প্রক্রিয়ায় অত্যন্ত গুরুত্বপূর্ণ ভূমিকা থাকবে। সেকারণে একজন BLO শুধুমাত্র একটি ভোটকেন্দ্রের দায়িত্বে থাকবেন এবং কোনও সুপারভাইজার যেন ১০টির বেশি কেন্দ্রের দায়িত্ব না পান, সে দিকেও নজর দিতে হবে। এছাড়াও, রাজনৈতিক দলগুলিকে সক্রিয়ভাবে এই প্রক্রিয়ায় অংশগ্রহণের নির্দেশ দেওয়া হয়েছে। তাদের মনোনীত বুথ লেভেল এজেন্টদের দ্রুত নিযুক্ত করার কথা বলা হয়েছে, যাতে সংশোধন পর্ব চলাকালীন ভোটার তালিকায় কোনও গলদ থাকলে তা সঙ্গে সঙ্গে চিহ্নিত ও সংশোধন করা যায়। কমিশনের তরফ থেকে জানানো হয়েছে, প্রতিটি রাজ্য থেকে কত BLO, BLO Supervisor ও BLA নিযুক্ত করা হয়েছে এবং মোট কতগুলি কেন্দ্র আছে — সেই তথ্য দ্রুত কমিশনে পাঠাতে হবে। একটি গুগল ফর্মও সংশ্লিষ্ট দপ্তরে পাঠানো হয়েছে, যার মাধ্যমে এই তথ্য আগে থেকেই জমা দেওয়া যেতে পারে।

এদিকে পশ্চিমবঙ্গে অবৈধ ভোটাররা কিভাবে নির্বাচনী তালিকায় অন্তর্ভুক্ত হল, তার তদন্তের দাবি জানিয়েছে বিজেপি। দলের রাজ্য সভাপতি ও রাজ্যসভার সাংসদ শমীক ভট্টাচার্য রাজ্যসভার সেক্রেটারি জেনারেলকে চিঠি দিয়ে এই দাবি জানিয়েছেন। পাশাপাশি ভোটার তালিকা স্বচ্ছভাবে যাচাই ও অবৈধ ভোটার মুক্ত করা, রাজ্যে নির্বাচন কমিশনের কর্মকর্তাদের স্বায়ত্তশাসন রক্ষা করার দাবিও চিঠিতে জানানো হয়েছে। সাংবাদিকদের কাছে শমিক বাবু অভিযোগ করেন, পশ্চিমবঙ্গে নির্বাচন কমিশনের সাংবিধানিক অধিকারের উপর সরাসরি হুমকি দেওয়া হচ্ছে।

বাইট

রাজ্যে প্রশাসনিক কর্মকর্তারা নির্বাচন কমিশনের অধিকার নিয়ে প্রকাশ্যে প্রশ্ন তুলেছেন এবং কমিশনের নির্দেশিকা অনুসরণ করতে তারা বাধ্য নন বলে জানিয়েছেন। এই ধরণের ঘটনা একটি সাংবিধানিক সংস্থার স্বায়ত্তশাসনের উপর সরাসরি আক্রমণ।

অন্যদিকে দিল্লিতে প্রশিক্ষণপ্রাপ্ত বুথ লেভেল আধিকারিক বা বিএলওদের অবিলম্বে সরিয়ে ফেলার যে নির্দেশ মুখ্যমন্ত্রী, মুখ্য সচিবকে দিয়েছেন তার সমালোচনা করেছেন বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী। এই প্রসঙ্গে এক প্রশ্নের উত্তরে জানান, কোন বৈধ কারণ এবং নির্বাচন কমিশনের অনুমোদন ছাড়া এই কাজ করার এক্তিয়ার মুখ্য সচিবের নেই।

(বাইট- শুভেন্দু)

---------------------

জমি অধিগ্রহণ এবং অন্যান্য পরিকাঠামোগত সমস্যা সমাধানে রাজ্য সরকার সহযোগিতা না করায়, কলকাতা মেট্রোর ২০ কিলোমিটারের কাজ আটকে রয়েছে বলে রেল মন্ত্রী অশ্বিনী বৈষ্ণো সম্প্রতি লোকসভায় জানিয়েছেন। তৃণমূল কংগ্রেস সাংসদ মালা রায়ের এক প্রশ্নের জবাবে তিনি আরো জানান, ১৯৭২-এ কলকাতা মেট্রো প্রকল্পের কাজ শুরু হলেও, ২০১৪ পর্যন্ত ৪২ বছরে ৫'হাজার ৯৮১ কোটি টাকা ব্যয়ে মাত্র ২৮ কিলোমিটার রেলপথের কাজ হয়েছিল। অন্যদিকে, ২০১৪ থেকে ২০২৫, এই ১১ বছরে প্রকল্পে ২৫ হাজার ৫৯৩ কোটি টাকা ব্যয়ে ৪১ কিলোমিটার পথ সংযোজিত হয়েছে। শ্রী বৈষ্ণো আরো জানিয়েছেন, গত পাঁচ বছরে কলকাতা মেট্রো রেল পরিকাঠামোগত রক্ষণাবেক্ষণের জন্য ২৮ কোটি টাকা ব্যয় করেছে। আরও ৫৬ কিলোমিটার দীর্ঘ মেট্রো রেলপথ পাতার কাজ হাতে নেওয়া হয়েছে।

---------------------

কেন্দ্রীয় মন্ত্রিসভা, উত্তরবঙ্গের আলুয়াবাড়ি রোড থেকে নিউ জলপাইগুড়ি পর্যন্ত তৃতীয় ও চতুর্থ রেল লাইন স্থাপনের অনুমোদন দিয়েছে। খরচ ধরা হয়েছে এক হাজার ৭৮৬ কোটি টাকা। গতকাল মন্ত্রিসভার বৈঠকের পর সাংবাদিকদের কাছে তথ্য ও সম্প্রচার মন্ত্রী অশ্বিনী বৈষ্ণো একথা জানান

বাইট

এছাড়াও, পঞ্চদশ অর্থ কমিশনের মেয়াদকালে প্রধানমন্ত্রী কিষাণ সম্পদ যোজনা (PMKSY) প্রকল্পের জন্য মোট ৬ হাজার ৫২০ কোটি টাকার'ও অনুমোদন দেওয়া হয়েছে।

---------------------

ওয়াকফ সংশোধনী আইনের প্রতিবাদে মুর্শিদাবাদে সাম্প্রতিক অশান্তির সময় শান্তি রক্ষার জন্য তৈরি BSF ক্যাম্প এখনই সরবে না বলে জানিয়েছে কলকাতা হাইকোর্ট। পরবর্তী আদেশ না দেওয়া পর্যন্ত BSF আধিকারিকদের সেখানেই থাকার নির্দেশ দিয়েছেন বিচারপতি সৌমেন সেন ও রাজা বসু চৌধুরীর ডিভিশন বেঞ্চ।

বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারীর দায়ের করা মামলায় মুর্শিদাবাদে অশান্তির ঘটনায় ক্ষয়ক্ষতি সংক্রান্ত রিপোর্ট কলকাতা হাইকোর্টে পেশ করেছে রাজ্য। রাজ্যের রিপোর্টে উল্লেখ করা হয়েছে, মোট প্রায় ২ লক্ষ টাকার অস্থাবর সম্পত্তির এবং প্রায় এক লক্ষ টাকার স্থাবর সম্পত্তির ক্ষতি হয়েছে। ঘটনায় একাধিক চার্জশিট পেশ করেছে পুলিশ। এই ঘটনায় ৫৮৩ জনকে গ্রেপ্তার করা হলেও, এখনো অনেকেই পলাতক।

বিজেপি মুর্শিদাবাদে আক্রান্ত এলাকায় কেন্দ্রীয় বাহিনী মোতায়েনের সময়সীমা বৃদ্ধির জন্য আদালতের নির্দেশকে স্বাগত জানিয়েছে। বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী এক্স হ্যান্ডেলে বলেন, আদালতের হস্তক্ষেপের ফলেই মুর্শিদাবাদের বহু হিন্দুর জীবন রক্ষা পেয়েছে। আদালত সেখানে বিএসএফের ক্যাম্প স্থাপনের জন্য গুরুত্বপূর্ণ পর্যবেক্ষণ করেছে। পাশাপাশি উদ্বাস্তুদের পুনর্বাসন এবং ক্ষতিগ্রস্তদের ক্ষতিপূরণের বিষয়েও আদালত আলোচনা করছে। পরে এক সাংবাদিক বৈঠকে বিরোধী দলনেতা ধুলিয়ান ও শামসেরগঞ্জে কেন্দ্রীয় বাহিনী মোতায়নের সময়সীমা বৃদ্ধির বিষয়ে সেখানকার হিন্দুদের আশ্বস্ত করেন।

--------------------

রাজ্য সরকার এবছর দুর্গা পুজোর অনুদান আরও ২৫ হাজার টাকা করে বাড়ানোর কথা ঘোষণা করেছে। উৎসবের প্রস্তুতি নিয়ে মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী নেতাজি ইন্ডোর স্টেডিয়ামে পুজো কমিটিগুলির সঙ্গে বৈঠকে জানান এ বছর কমিটি গুলি ১ লক্ষ ১০ হাজার টাকা করে অনুদান পাবে।

বাইট

পুজো কমিটিগুলির জন্যে ফায়ার লাইসেন্স সহ বিভিন্ন ধরনের লাইসেন্স মকুব ছাড়াও এইবার বিদ্যুত বিলে আশি শতাংশ ছাড় দেওয়ার কথা ঘোষনা করেন তিনি।

দোসরা থেকে চৌঠা অক্টোবর প্রতিমা বিসর্জন এবং নির্বাচিত প্রতিমাগুলিকে নিয়ে ৫ তারিখে কলকাতার রেড রোডে পুজো কার্নিভালের আয়োজন করা হবে বলে বৈঠকে মুখ্যমন্ত্রী জানান।

এদিকে বিজেপি এই অনুদান বৃদ্ধির সমালোচনা করেছে। বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী বলেছেন , আগে ডি এর টাকা দিয়ে তারপর পুজো কমিটিগুলির টাকা বাড়ানো উচিত ছিল মুখ্যমন্ত্রীর।

বাইট

--------------------

দূর্গা পূজা কমিটি গুলিকে অনুমোদন বাড়ানোর ঘটনায় মাধ্যমিক শিক্ষক ও শিক্ষাকর্মী সমিতি STEA কঠোর সমালোচনা করেছে। সংগঠনের পক্ষে এক বিবৃতিতে বলা হয়েছে যে সরকার পোষিত ও সরকারি সাহায্যপ্রাপ্ত শিক্ষা প্রতিষ্ঠানগুলোতে কম্পোজিট গ্র্যান্ট বাবদ বরাদ্দ বছরে মাত্র ২৫ হাজার টাকা। এমনকি বিদ্যুৎ বিল মুকুব করার আবেদনও গ্রাহ্য হয় না। সেই পরিস্থিতিতে দুর্গাপূজা কমিটিগুলিকে অনুদান, সরকার কোন বিষয়টিতে অগ্রাধিকার দিতে চাইছে তা স্পষ্ট করে দিয়েছে।

--------------------

২০২৬-এর বিধানসভার আগে নির্বাচনে দলের সংগঠনকে আরও মজবুত করতে নতুন রাজ্য কমিটি গঠন করতে চলেছে বিজেপি। এই লক্ষ্যে আজ চারদিনের সাংগঠনিক বৈঠকের সূচনা হচ্ছে। নতুন রাজ্য সভাপতি শমীক ভট্টাচার্য্য ছাড়াও উপস্থিত থাকবেন এরাজ্যের দায়িত্বপ্রাপ্ত সুনীল বনসল, অমিত মালবিয়া, মঙ্গল পান্ডে প্রমুখ।

--------------------

রাজ্য জয়েন্ট এন্ট্রান্সের মেধা তালিকা আগামী ৭ ই আগস্ট প্রকাশ হওয়ার সম্ভাবনা। গতকাল কলকাতায় এক সাংবাদিক বৈঠকে পশ্চিমবঙ্গ Joint Entrance Examinations Board এর চেয়ারম্যান সোনালী চক্রবর্তী বন্দ্যোপাধ্যায় একথা জানান।

তিনি বলেন, গত ২৭ এপ্রিল নির্বিঘ্নে পরীক্ষা গ্রহণ করা হয়েছিল। গত ৫ জুন এই ফল প্রকাশের পরিকল্পনা থাকলেও OBC সংক্রান্ত বিষয়টি বিচারাধীন হয়ে পড়ে। সুপ্রিম কোর্টের গত ২৮শে জুলাই-এর রায়ের প্রেক্ষিতে বোর্ডের তরফে বিজ্ঞপ্তি জারি করা হয়েছে বলে তিনি জানান।

বিজ্ঞপ্তি অনুসারে, পরীক্ষার্থীদের তাদের সোশ্যাল ক্যাটাগরি আপডেট করার কথা বলা হয়েছে। দোসরা আগস্ট পর্যন্ত এই সোশ্যাল ক্যাটাগরি আপডেট করা যাবে।

বাইট- সোনালী

--------------------

উত্তরবঙ্গে আজ ও আগামীকাল ভারী বৃষ্টির পূর্বাভাস থাকায় রাজ্য সরকার সেখানকার জেলা প্রশাসনকে বিশেষভাবে সতর্ক করে দিয়েছে। তিস্তা সহ বিভিন্ন নদীর জলস্তর বৃদ্ধির ফলে প্লাবনের আশঙ্কা থাকায় নিচু এলাকা থেকে বাসিন্দাদের সরিয়ে আনার জন্য মুখ্যসচিব মনোজ পন্থ  নির্দেশ দিয়েছেন, উত্তরবঙ্গ উন্নয়ন দপ্তরের সচিব দুষ্মন্ত নারিয়ালাকে।

এছাড়াও, পর্যাপ্ত ত্রাণ সামগ্রী বজায় রাখার মত বিভিন্ন সতর্কতামূলক ব্যবস্থা গ্রহণ করতেও বলা হয়েছে। উত্তরবঙ্গের ছয় জেলাশাসককেও সর্তক করে দেওয়া হয়েছে।

এদিকে, কোনওরকম আগাম বার্তা না দিয়েই সিকিম সরকার জল ছেড়ে দেওয়ায় জলপাইগুড়ি ও শিলিগুড়ির বিস্তীর্ণ অংশে ভয়াবহ পরিস্থিতি তৈরি হয়েছে বলে সেচমন্ত্রী মানস ভুঁইঞা অভিযোগ করেছেন। জলসম্পদ ভবনে গতকাল এক সাংবাদিক বৈঠকে তিনি বলেন, সিকিম থেকে কাদা, পাথর, গাছ ভেসে এসে তিস্তার গতিপথ অবরুদ্ধ করেছে।  একের পর এক হড়পা বান নামছে ডুয়ার্সে। কেন্দ্রীয় সরকার এখনো কোন ব্যবস্থা না নেওয়ায়, পরিস্থিতি আরো জটিল হয়ে উঠেছে।

মালদা ও মুর্শিদাবাদের নদী ভাঙন রোধে ৬১০ কোটি টাকার প্রকল্প গ্রহণ করা হয়েছে বলেও সেচ মন্ত্রী জানান।

---------------------

ঘূর্ণাবর্ত ও সক্রিয় মৌসুমী অক্ষরেখার প্রভাবে রাজ্যে বিশেষ করে দক্ষিণবঙ্গের উত্তর ও দক্ষিণ ২৪ পরগনা, নদীয়া, হুগলি, পূর্ব ও পশ্চিম বর্ধমান, বীরভূম, পুরুলিয়া ও বাঁকুড়ায় বজ্রবিদ্যুৎ সহ বৃষ্টির পূর্বাভাস দিয়েছে আলিপুরাবহাওয়া দপ্তর।

উত্তরবঙ্গের জেলাগুলিতে বিশেষ করে, দার্জিলিং, কালিম্পং জলপাইগুড়ি ও আলিপুরদুয়ারে আগামীকাল থেকে বুধবার ৬ তারিখ পর্যন্ত ভারী বৃষ্টির কমলা সতর্কতা জারি করা হয়েছে বলে আবহাওয়া দপ্তরের পূর্বাঞ্চলীয় প্রধান ডক্টর সোমনাথ দত্ত জানিয়েছেন।

---------------------

সল্টলেকের যুবভারতী ক্রীড়াঙ্গনে গত সন্ধ্যায় ডুরান্ড কাপের ম্যাচে মোহনবাগান সুপারজায়ান্ট ৩-১ গোলে মহামেডান স্পোর্টিংকে হারিয়ে দিয়েছে। ম্যাচের ২২ মিনিটে লিস্টন কোলাসের গোলে মোহনবাগান এগিয়ে যায়। ৫০ মিনিটে মহামেডানের হয়ে অ্যাশলে ম্যাচে সমতা ফেরান। ৬২ মিনিটে সুহেল ভাট মোহনবাগানের হয়ে ব্যবধান বাড়ান। দ্বিতীয়ার্ধে সংযুক্ত সময়ে সবুজ মেরুনের হয়ে পেনাল্টি থেকে তৃতীয় গোলটি করেন লিস্টন কোলাসো।

মোহনবাগান আগামী সোমবার এবং মহামেডান ৭ ই আগস্ট নিজিদের পরবর্তী ম্যাচে বিএসএফ-এর মুখোমুখি হবে।

-------------------- --------------------